গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

"বরগুনা জেলার উপকূলীয় পোল্ডারসমূহে সেচ কাজের জন্য খাল পুনঃখনন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১১-০২-২০২১।
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম সভায় জানান, ৬১১৭.৯২ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়নকাল জুন, ২০২১ পর্যন্ত নির্ধারিত। জানুয়ারি ২০২১ পর্যন্ত প্রকল্পের কাজের বাস্তব অগ্রগতি ৮৪%, আর্থিক অগ্রগতি ৪৭৩২.৩৫ লক্ষ টাকা। প্রকল্পটি বর্তমান অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

আলোচনা	সিদ্ধান্ত
সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী, বরগুনা পওর বিভাগ, বাপাউবো জানান, প্রকল্পের মূল কাজে ১৫৮ টি খাল পুন:খনন কাজ অন্তর্ভূক্ত রয়েছে যার মধ্যে ২৭৯.৬৮ কিঃমিঃ খাল এস্কাভেটর দ্বারা এবং ১১৯.৮৬ কিঃমিঃ খাল শ্রমিক দ্বারা যার বাস্তব অগ্রগতি ৮৬.৪০%। স্লুইস মেরামত ও রক্ষণাবেক্ষণ (পূর্ত মেরামত) ২৬ টি যার বাস্তব অগ্রগতি ৮০%। স্লুইস মেরামত ও রক্ষণাবেক্ষণ (যান্ত্রিক মেরামত) ১৬ টি যার বাস্তব অগ্রগতি ৭৫%। প্রকল্পের সুফল ইতোমধ্যে সাধারণ মানুষ পেতে শুরু করেছে এবং এলাকায় শষ্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে। সভাপতি প্রকল্পের বর্তমান ভৌত অগ্রগতি ও প্যাকেজ ভিত্তিক অগ্রগতির ব্যাপারে সন্তোষ প্রকাশ করেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটি সমাপ্ত হবে কি না ও এক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কিনা জানাতে চাইলে প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের বাকি কাজ বাস্তবায়নে কিছু সমস্যা থাকলেও এগুলো সমন্বয় করে নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে।	(ক) যথাযথ মান বজায় রেখে জুন, ২০২১ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সমাপ্ত করতে হবে। বাস্তবায়নে: বাপাউবো/সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক। (খ) প্রকল্প সমাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে Project Completion Report (PCR) দাখিল করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০২২.১৮-১০৮ তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭

২৮ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় উইং)।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: মহাপরিচালক)।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: একেএম আবুল কালাম আজাদ,উপপ্রধান, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।

৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীনরোড, ঢাকা।

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৩) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৪) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৬) প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।

১৭) উপ-সচিব (পরিকল্পনা-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "বরগুনা জেলার উপকূলীয় পোল্ডারসমূহে সেচ কাজের জন্য খাল পুনঃখনন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পটুয়াখালী।

১৯) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২১) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব